

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশিক্ষণ শাখা
(www.mole.gov.bd)

স্মারক নম্বরঃ ৪০.০০.০০০০.০১৮.২৫.০৩১.২২- ১০৫

তারিখঃ ১১ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ 'তথ্য অধিকার আইন, ২০০৯' এর আওতায় তথ্য প্রদান।

সূত্রঃ জনাব রীনা রহমান, সি, ই, ও, ফাইট ফর সাকসেস এবং জনাব শ্রাবনী আক্তার (আঁথি), এ, সি, ই, ও ফাইট ফর সাকসেস, সর্ব প্রযত্নে- কাজী মাসুদ আহম্মেদ, ৫৭ ইসলামপুর রোড, খুলনা কর্তৃক গত ২৬-০২-২০২৫ খ্রি. তারিখে স্বাক্ষরিত তথ্য প্রাপ্তির আবেদন।

উপর্যুক্ত বিষয়ে উল্লেখ্য যে, জনাব রীনা রহমান, সি, ই, ও, ফাইট ফর সাকসেস এবং জনাব শ্রাবনী আক্তার (আঁথি), এ, সি, ই, ও ফাইট ফর সাকসেস, সর্ব প্রযত্নে- কাজী মাসুদ আহম্মেদ, ৫৭ ইসলামপুর রোড, খুলনা কর্তৃক গত ০৩-০৩-২০২৫ খ্রি. তারিখে প্রাপ্ত সূত্রস্থ তথ্য প্রাপ্তির আবেদনের প্রেক্ষিতে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় তৎকর্তৃক প্রেরিত প্রশ্নগুলির বিবরণ তথ্য আকারে লিখিত ভাবে নির্দেশক্রমে নিম্নোক্তভাবে প্রদান করা হলোঃ

(ক) প্রশ্নঃ বাংলাদেশে শিক্ষিত যুবক-যুবতীদের জন্য স্মার্ট ফোনের মাধ্যমে কোন কাজ সম্পাদন করিলে আর্থিক ভাবে লাভবান হইবে। এই রকম কোন কার্যক্রম আপনার মন্ত্রণালয়ে চালু আছে কি-না?

উত্তরঃ না, এই রকম কোন কার্যক্রম শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে চালু নাই।

(খ) প্রশ্নঃ শ্রম মন্ত্রণালয় যে সমস্ত অনুদান শ্রম ব্যাংকের মাধ্যমে প্রদান করে থাকে তাহা কোন কোন পদ্ধতিতে দেওয়া হয়ে থাকে?

উত্তরঃ 'শ্রম ব্যাংক' নামীয় কোন ব্যাংক নেই। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর অধীনস্থ প্রতিষ্ঠান 'কেন্দ্রীয় তহবিল' হতে শ্রমিকদের আর্থিক সহায়তার চেক বিএফটিএন (বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক) এর মাধ্যমে প্রদান করা হয়ে থাকে। এছাড়াও অন্য একটি প্রতিষ্ঠান 'বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন'-এর তহবিল হতে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক শ্রমিক ও শ্রমিকের পরিবারবর্গের মাঝে শিক্ষা, চিকিৎসা, মৃত ও মাতৃহের কল্যাণে আর্থিক সহায়তা অনুদান একাউন্ট পেয়ী (Account Payee) চেকের মাধ্যমে পরিশোধ করা হয়। এসকল চেক শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মাধ্যমে বিতরণ করা হয়ে থাকে।

(গ) প্রশ্নঃ শ্রম মন্ত্রণালয় এর মাধ্যমে কোন ট্রেনিং বর্তমানে কার্যকর আছে কি-না এবং ঐ কার্যক্রমের মাধ্যমে ট্রেনিং রত ব্যক্তির আর্থিক সুবিধা পাইবে কি-না?

উত্তরঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম অধিদপ্তরের ০৪ (চার) টি শিল্প সম্পর্ক শিক্ষায়তন এবং ৩২ টি শ্রম কল্যাণ কেন্দ্রে ০৫ দিন ব্যাপী 'শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্স' এবং ০৪ (চার) টি শিল্প সম্পর্ক শিক্ষায়তনে ০৪ সপ্তাহব্যাপী 'শিল্প সম্পর্ক প্রশিক্ষণ কোর্স' চালু রয়েছে। বর্ণিত প্রশিক্ষণ কোর্স সমূহে প্রত্যেক প্রশিক্ষার্থী প্রতিদিন প্রশিক্ষনে অংশগ্রহণের জন্য ৩০০/- (মাত্র তিনশত) টাকা প্রশিক্ষণ ভাতা প্রাপ্ত হন। অধিকন্তু প্রত্যেক প্রশিক্ষার্থী ১০০০/- (মাত্র এক হাজার) টাকা মূল্যমানের প্রশিক্ষণ সামগ্রী পেয়ে থাকেন।

স্বাঃ/

(সারবিন চৌধুরী)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

উপসচিব (প্রশিক্ষণ)

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়


ফোনঃ ০২-২২৩৩৫১৬৩৯

ই-মেইলঃ section8@mole.gov.bd

জনাব রীনা রহমান, সিইও,
ফাইট ফর সাকসেস (এফএফএস) এবং
জনাব শ্রাবনী আক্তার (আঁথি), এসিইও,
ফাইট ফর সাকসেস (এফএফএস)
প্রযত্নে- কাজী মাসুদ আহম্মেদ,
৫৭ ইসলামপুর রোড, খুলনা।

জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।


28-03-2025

(সারবিন চৌধুরী)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

উপসচিব (প্রশিক্ষণ)

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

ফোন: ০২-২২৩৩৫১৬৩৯

ই-মেইল: section8@mole.gov.bd